অপর মামলা নং- ১৩৬ /২০১৯

| ক্রমিক ও তারিখ | আদেশ | |
|---|---|---|
| ৩১<br>১৯/০১/২০২৩ | অদ্য একতরফা আদেশের জন্য দিন ধার্য আছে।<br>বাদীপক্ষ হাজিরা দাখিল করেছেন। নথি একতরফা আদেশের জন্য নেওয়া হলো।<br>নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী কবলা সংশোধনের ডিক্রীর প্রার্থনায় ১-৬ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।<br>১-৬ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ১০/০১/২০২১ ইং তারিখের ১০ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।<br>অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষের আম-মোক্তার মোঃ আবু বকর **P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্মবর্নিত কাগজাদি দাখিল করেন।<br>১। আর এস ৫৭৫, ৬৪৫ নং খতিয়ানের সি.সি প্রদ-১ সিরিজ<br>২। বি এস ৭১ নং খতিয়ান এর সিসি প্রদ- ১ সিরিজ<br>২। ১৫/০৬/২০০৬ ইং তারিখের ৫৮৫৬ নং কবলার সি.সি প্রদ- ২<br>৩। ১৯/১০/২০১০ ইং তারিখের ১৯৪০৯ নং কবলার মূলকপি প্রদ- ৩<br>৪। বি এস নামজারি খতিয়ান নং ১১১৫/১৩২৫ এর মূলকপি প্রদ-৪<br>৫। ইনফরমেশন স্লিপ এর মূল কপি<br>৬। টেবিল সার্ভে প্রতিবেদন<br>**মোঃ আবু বকর P.W.-1**এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৪) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে। নালিশী সম্পত্তি সংশ্লিষ্ট তর্কিত দলিলে প্রকৃত আর এস দাগ সমূহ ভুলক্রমে দলিলে উল্লেখিত হয়নি মর্মে প্রতীয়মান হয়।<br>এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।<br>প্রদত্ত কোর্ট ফি সঠিক।<br>অতএব, আদেশ হয় যে,<br>দলিল সংশোধনের প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৬ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে এক-তরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি প্রদান করা হলো।<br>এতদ্বারা ২ ও ৩ নং বিবাদী দাতা আবদুস ছালাম ও ছয়রা খাতুন কর্তৃক গ্রহীতা- মোঃ ইয়াছিন এর অনুকূলে সম্পাদিত সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম এ গত ১৫/০৬/২০০৬ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৫৮৫৬ নম্বর কবলা দলিলে এবং ১ নং বিবাদী দাতা মোঃ ইয়াছিন কর্তৃক গ্রহীতা- বাদী মোঃ আবু বরক ও মোহাম্মদ রেদওয়ান এর অনুকূলে সম্পাদিত সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম এ গত ১৯/১০/২০১০ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ১৯৪০৯ নম্বর কবলা দলিলের তফসিলে বর্নিত আর এস দাগ সমূহের সহিত "আর এস ১৫৭৮/১৫৭৯/১৫৭১ দাগ" লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলদ্বয় সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিলদ্বয় **সংশ্লিষ্ট পৃষ্ঠায়** প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।<br>আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং সাব-রেজিস্ট্রার,সদর সাব-রেজিষ্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।<br><br>স্বাক্ষরিত<br>(মোঃ হাসান জামান) | |

অপর মামলা নং- ১৩৬ /২০১৯

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**সিনিয়র সহকারী জজ ২য় আদালত , পটিয়া - এর কার্যালয়, চট্টগ্রাম**

স্মারক নম্বর - তারিখ - ২০ /০২/২০২৩ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ---

১) জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম ।

২) সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিষ্ট্রি অফিস, চট্টগ্রাম ।

৩) অফিস কপি

সংযুক্তি ঃ আরজির সত্যায়িত ফটোকপি

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ , ২য় আদালত, পটিয়া
চট্টগ্রাম।